

# সবার জন্য প্রি-কে

প্রিয় প্রি-কে পরিবারবর্গ,



আমরা আপনাকে এক সেট ফান উইথ ফিলিংস কার্ড দিতে পেরে আনন্দিত! কার্ডগুলি আপনার সন্তানকে এসব অনুভূতি সম্পর্কে জানাতে সহায়তা করার জন্য আপনি ফান উইথ ফিলিংস কার্ড ব্যবহার করতে পারেন।

আবেগ অনুধাবন ও মোকাবেলা করা হলো গুরুত্বপূর্ণ দক্ষতা যা ছোট ছেলেমেয়েরা প্রি-কে ও বাড়িতে ধীরে ধীরে অর্জন করে থাকে। এসব দক্ষতা ছেলেমেয়েদেরকে বন্ধুবান্ধব ও আত্মীয়-স্বজনদের সাথে মানিয়ে চলতে, কাজ কর্তিন হলেও চেষ্টা চালিয়ে যেতে এবং স্কুলে সফল হতে সাহায্য করে।

আপনার সন্তানের প্রথম ও গুরুত্বপূর্ণ শিক্ষক হিসেবে আপনার সন্তানের অনুভূতি সম্পর্কে শিক্ষালাভে সহায়তা দেওয়ার আপনার ক্ষমতা আছে। আপনার সন্তান রেগে গেলে, বিষাদগ্রস্ত হলে বা ভীত হলে আপনি তাকে সহায়তা করতে পারেন। আপনি যখন সাবওয়ে চড়েন, একসাথে খেলাধুলা করেন, এবং ডিনার করেন বা গোসল করেন, তখন আপনার সন্তানকে শেখাতে পারেন। ফান উইথ ফিলিংস হ্যান্ডবুক কার্ড দিয়ে কীভাবে শুরু করতে হবে তার কিছু আইডিয়া দেয়।

## তৈরি করুন

টাওয়ার, ব্রিজ, কিংবা  
আপনি ও আপনার  
সন্তানের কল্পিত যেকোনো  
কিছু নির্মাণ করতে এই  
কার্ডগুলো ব্যবহার করুন।

## খেলুন

গেম খেলতে, অনুভূতি  
সম্পর্কে জানতে এবং একসাথে  
মজা করতে এই কার্ডগুলো  
ব্যবহার করুন।

## শেখান

অনুভূতি প্রকাশ ও নিয়ন্ত্রণ  
শেখাতে এই কার্ডগুলো  
ব্যবহার করুন।

আপনার প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক বা প্রি-কে প্রোগ্রাম লিডারকে বলুন বা আমাদের কাছে [prekthrive@schools.nyc.gov](mailto:prekthrive@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন।

বিশ্বস্ত,

ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন  
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

ParentCorps

